



উপপরিচালক

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

টেলিফোন: ০২-৪৭৭৫৩৭৮০

ওয়েবসাইট: www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

“মোংলা বন্দর কর্তৃপক্ষের খুলনাস্থ অফিসে চেয়ারম্যান মহোদয়ের দপ্তরের শুভ উদ্বোধন”।

মোংলা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম আরও গতিশীল, সহজতর এবং বন্দর ব্যবহারকারীদের অনুরোধের প্রেক্ষিতে আজ ৪ জুন, ২০২৫ তারিখে মোংলা বন্দরের খুলনাস্থ অফিস কার্যক্রম শুরু করা হয়েছে। বন্দর ব্যবহারকারীবৃন্দ অভিমত ব্যক্ত করেন যে, অধিকাংশ ব্যবসায়ী ও বন্দর ব্যবহারকারীর অফিস খুলনাতে অবস্থিত বিধায় মোংলা বন্দরের কার্যক্রম খুলনাস্থ অফিসেও সম্পন্ন করা হলে বন্দর ব্যবহারকারীবৃন্দ খুব সহজে বন্দর সংশ্লিষ্ট কাজগুলো সম্পন্ন করতে পারবেন। এ অফিস চালু হওয়াতে আগের তুলনায় সময় সাশ্রয়ী এবং বন্দর সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা বাড়বে। ফলে বন্দর ব্যবহারে তারা একদিকে যেমন বেশী উৎসাহিত হবে, অন্যদিকে দেশের অর্থনীতি আরো গতিশীল করতে ইতিবাচক অবদান রাখতে সক্ষম হবে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার প্রতিশ্রুতি প্রতিপালন এবং বন্দর ব্যবহারকারীদের অনুরোধের প্রেক্ষিতে মোংলা বন্দর কর্তৃপক্ষ দ্রুতসময়ের মধ্যে খুলনাস্থ অফিসের কার্যক্রম ৪ জুন, ২০২৫ তারিখ থেকে অনুষ্ঠানিকভাবে পুনরায় চালু হলো।

উল্লেখ্য, ১লা ডিসেম্বর, ১৯৮৬ সালে মোংলা বন্দরের অপারেশনাল কার্যক্রম খুলনা থেকে মোংলায় স্থানান্তরিত হয়। পরবর্তীতে ১৯৮৭ সালে অন্যান্য অফিসসহ অধিকাংশ স্থাপনা খুলনা থেকে মোংলায় স্থানান্তরিত করা হয়েছিলো।

স্বাক্ষরিত/-

০৪/০৬/২০২৫

মোঃ মাকরুজ্জামান

উপপরিচালক